# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 27-02-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশে আগামীকাল রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

এস আই আর প্রক্রিয়ায় জুডিশিয়াল আধিকারিকদের প্রশিক্ষণের বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশের বিরোধিতা করে রাজ্য সরকারের দায়ের করা অভিযোগ সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে।

২) কলকাতা হাইকোর্ট বেশ কয়েকটি শর্তসাপেক্ষে রাজ্যে বিজেপি-র পরিবর্তন যাত্রার অনুমতি দিয়েছে। চারটি বড় জনসভার মধ্য দিয়ে পয়লা মার্চ এই যাত্রা শুরু হবে।

৩) জাতীয় শিক্ষানীতি-২০২০ দেশের উচ্চ-শিক্ষার ক্ষেত্রে এক নতুন দিক্ নির্দেশ করেছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

৪) উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদের নতুন সভাপতি হচ্ছেন পার্থ কর্মকার।

৫) গঙ্গার নীচে ট্যানেল তৈরির বিষয়টি চিন্তাভাবনার স্তরে রয়েছে বলে কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর জানিয়েছেন।

৬) কলকাতা  সহ রাজ্যের বেশ কয়েকটি জেলা আজ দুপুরে প্রবল ভূমিকম্পে কেঁপে ওঠে।

oooooooooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে এসআইআর প্রক্রিয়ায় যেসব ভোটদাতার নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে তাদের নাম যুক্ত করেই আগামীকাল রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। খসড়া তালিকায় থাকা ৭ কোটি ৮ লক্ষ ভোটারের নাম চূড়ান্ত তালিকায় থাকবে । তবে এই তালিকা বিভিন্ন বিভাগে ভাগ করা হবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, আজ সকাল থেকেই জোর কদমে তালিকা মুদ্রণের কাজ শুরু হয়েছে। সারা রাত সেই কাজ চলবে। আগামীকাল দুপুরের মধ্যে তা অনলাইনে আপলোড করা হবে। নির্বাচন কমিশনের ওয়েবসাইট, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইট ও ইসিআই নেট অ্যাপ থেকে এই ভোটার তালিকা অনলাইনে দেখা যাবে। বিকেলের মধ্যেই স্বীকৃত সমস্ত রাজনৈতিক দলের হাতে পৌঁছে যাবে কপি। পাশাপাশি দু'টি হার্ড কপি দেওয়া হবে জেলা নির্বাচন আধিকারিকদের। অফলাইন কপি পাঠানো হচ্ছে জেলাশাসক, মহকুমাশাসক ও ব্লক উন্নয়ন আধিকারিকদের দপ্তরে।

সেখানে সাধারণ মানুষ অফলাইনে ভোটার তালিকা দেখতে পারবেন।

(বাইট – মনোজ আগরওয়াল)

কলকাতায় জেসপ বিল্ডিং ও সার্ভে বিল্ডিংয়েও রাখা হবে নথি।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে যাদের নথি বিচারাধীন তাদের নামও পৃথকভাবে উল্লেখ করা হবে। তাদের নামের পাশে অ্যাজুডিকেশন শব্দবন্ধটি উল্লেখ করা হবে।

এছাড়া নতুন ভোটার হিসেবে যারা অন্তর্ভূক্ত হচ্ছেন, তাদের নাম একটি আলাদা তালিকায় মূল তালিকার সঙ্গে থাকবে।

যাদের আবেদন অনুমোদিত হয়েছে, তাদের নাম যেমন তালিকায় থাকছে, তেমনই যাদের নাম বাদ দেওয়া হচ্ছে, তাদের নামের পাশেও উল্লিখিত থাকবে ডিলিট শব্দটি।

**আগেই জানানো হয়েছে, এসআইআর প্রক্রিয়ার শুরুতে রাজ্যে ভোটদাতার সংখ্যা ছিল ৭ কোটি ৬৬ লক্ষেরও বেশি। সেখান থেকে মৃত, স্থানান্তরিত, নিখোঁজ ও ভুয়ো প্রায় ৫৮ লক্ষ ভোটদাতার নাম খসড়া তালিকাতেই বাদ পড়েছে।**

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

সুপ্রিম কোর্ট রাজ্যের ভোটার তালিকায় এস আই আর প্রক্রিয়ায় জুডিশিয়াল আধিকারিকদের প্রশিক্ষণ সংক্রান্ত নির্বাচন কমিশনের নির্দেশের বিরোধিতা করে রাজ্য সরকারের দায়ের করা অভিযোগ খারিজ করে দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ বলেছেন, এই জুডিশিয়াল আধিকারিকরা কোনভাবেই, কোনকিছুতেই প্রভাবিত হবেন না সেই বিশ্বাস তাদের রয়েছে। এই আধিকারিকদের সবরকম সহযোগিতা করারও তারা নির্দেশ দিয়েছেন রাজ্য সরকারকে। বেঞ্চ এও বলেছে, নির্বাচন কমিশন অথবা রাজ্য সরকার কেউ-ই এব্যাপারে শীর্ষ আদালতের নির্দেশ অমান্য করবে না। এর আগে রাজ্য সরকারের পক্ষে কপিল সিব্বাল ও কল্যাণ বন্দ্যোপাধ্যায় বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে বলেন, SIR-এর প্রামাণ্য নথি চেয়ে রাজ্যের মুখ্য সচিবকে একজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সমন পাঠিয়েছেন।

বিচারকরা যাতে প্রভাব মুক্ত হয়ে কাজ করতে পারেন, তা সুনিশ্চিত করার দাবি জানান তারা। জয়মাল্য বাগচি বলেন, জুডিশিয়াল অফিসারদের কাজের পরিসর নিয়ে প্রশ্ন না তুলে, রাজ্য সরকার যেন পরিপূরক ভোটার তালিকা প্রকাশে তাঁদের সহযোগিতা করে।

উল্লেখ্য, গত মঙ্গলবার শীর্ষ আদালত পশ্চিমবঙ্গে আড়াইশো জেলা বিচারকের পাশাপাশি সিভিল জাজ নিয়োগের অনুমতি দেয়। এছাড়াও এস আই আর প্রক্রিয়ায় ৮০ লক্ষ অভাব – অভিযোগের নিষ্পত্তিতে ঝাড়খন্ড এবং ওড়িশা থেকে জুডিশিয়াল আধিকারিক নিয়োগেরও নির্দেশ দেয় শীর্ষ আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে জুতো ছোঁড়া ও বিক্ষোভ দেখানোর ঘটনায় পুলিশের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। একইসঙ্গে বিরোধী দলনেতাকে পর্যাপ্ত পুলিশী নিরাপত্তা প্রদানের নির্দেশ দিয়েছে, প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ। গত ২৪-শে ফেব্রুয়ারির ওই ঘটনায় শুভেন্দু অধিকারীকে হেনস্থার ব্যাপারে  রাজ্য, অভিযুক্তদের বিরুদ্ধে কি পদক্ষেপ করেছে, আগামী ৫'ই মার্চ তার রিপোর্ট পেশ করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট রাজ্যে নির্বাচনের প্রচারে বিজেপি পরিবর্তন যাত্রায় অনুমতি দিয়েছে। বিচারপতি শুভ্রা ঘোষ জেলায় জেলায় এই যাত্রার জন্য অবশ্য একাধিক শর্ত আরোপ করেছেন। পয়লা মার্চ থেকে তেশরা মার্চ বেলা ২-টো থেকে সন্ধে ৬-টা পর্যন্ত এক হাজার লোক নিয়ে এই মিছিল করা যাবে।  আইনশৃঙ্খলা জনিত কোন সমস্যা যাতে না হয়, তা সুনিশ্চিত করবে পুলিশ।  একই সঙ্গে পুলিশকে ২০ জন ভলেন্টিয়ারের ফোন নম্বর আগে থেকেই জানাতে হবে। কোনরকম ট্র্যাফিক জ্যাম করা যাবে না। মিছিল চলাকালীন সরকারী ও ব্যক্তিগত সম্পত্তি যাতে ক্ষতি না হয়, তা সুনিশ্চিত করতে হবে বিজেপিকে।

উল্লেখ্য আগামী পয়লা মার্চ রাজ্যে চারটি বড় জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সূচনা হবে। দোসরা মার্চ হবে পাঁচটি জনসভা। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য বলেছেন, তৃণমূল কংগ্রেসের লড়াই শুধুমাত্র বিরোধীদের সঙ্গে নয়, সাধারণ মানুষের সঙ্গেও। সর্বস্তরের মানুষ আজ আক্রান্ত। এই যুগ সন্ধিক্ষণে দাঁড়িয়ে বিজেপি সর্বক্ষেত্রে পরিবর্তনের লক্ষেই এই যাত্রার আয়োজন করছে।

(বাইট – শমিক)

রাজ্য সভাপতি আরও জানান, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ্ পরিবর্তন যাত্রার সূচনা করতে আগামী রবিবার পয়লা মার্চ রাজ্যে আসছেন। পরের দিন তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সভায় বক্তব্য রাখবেন।

অন্যদিকে, কোচবিহারে রাসমেলা ময়দানে এই যাত্রার সূচনায় উপস্থিত থাকবেন বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন।

এছাড়াও জগৎপ্রকাশ নাড্ডা, রাজনাথ সিং সহ বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রীও অংশ নেবেন এই যাত্রায়। তিন ও চার তারিখ দোল ও হোলি উৎসবের জন্য কর্মসূচী বন্ধ রাখা হবে।

এরপর পাঁচ তারিখ হবে ৯-টি যাত্রা। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সমাপ্তি হবে। মোট আড়াইশোটি বিধানসভা এলাকা দিয়ে এই যাত্রার আয়োজন করা হচ্ছে। বাকি ৪৪-টি বিধানসভায় ব্রিগেডের অনুষ্ঠানকে কেন্দ্র করে বিভিন্ন কর্মসূচী পালিত হবে। যেকোন রাজনৈতিক দল বিশেষ করে তৃণমূল কংগ্রেস ও বামফ্রন্টের প্রতিনিধিদেরও এই পরিবর্তন যাত্রায় যোগদানের জন্য আহ্বান জানিয়েছেন শমিকবাবু।

সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি বলেন, মোট ৫ হাজার কিলোমিটার পথ অতিক্রম করা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরিবর্তনের যে মূল সুর আগেই বেঁধে দিয়েছিলেন, বিজেপি এবার সেটিকেই রাজ্যের প্রতিটি প্রান্তে পৌঁছে দেবে। এই যাত্রায় সর্বস্তরের মানুষকে সংযুক্ত করা হবে বলেও তিনি জানান।

(বাইট – শুভেন্দু)

এদিকে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, বিজেপি-র পরিবর্তন যাত্রা বাংলায় পরিবর্তনের পথ প্রদর্শক হবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি এই যাত্রার রুট ম্যাপ সহ অন্যান্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচন করেন। রাজ্যের মানুষ যে পরিবর্তন চাইছে, সে নিয়ে কোন সংশয় নেই বলে সুকান্তবাবুর দাবি।

পরিবর্তন যাত্রা নিয়ে একটি বুকলেট ও ভিডিও আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

এদিকে, জেলার তুফানগঞ্জে অন্দারণ ফুলবাড়িতে এই পরিবর্তন যাত্রার প্রচারে বাইক মিছিলকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি-র মধ্যে উত্তেজনা ছড়ায়। একে অপরের বিরুদ্ধে মারধোরের অভিযোগও করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় শিক্ষানীতি ২০২০-র দেশের উচ্চশিক্ষা ক্ষেত্রে নতুন দিকনির্দেশ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এই নীতি, শিক্ষা নিয়ে প্রচলিত ধ্যান ধারণা ভাঙতে সাহায্য করেছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের উদ্যোগে আজ কলকাতায় সপ্তম গ্লোবালাইসড এডুকেশন ফোরাম এর আয়োজন করা হয়। যার মূল ভাবনা ছিল '২০৪৭ এ বিকশিত ভারতের লক্ষ্যে দেশের উচ্চশিক্ষা ব্যবস্থাকে নতুন ভাবে চিন্তা করা'। মন্ত্রী বলেন, NEP তৈরি করা হয়েছে দেশের শিক্ষাকে আন্তর্জাতিক স্তরে নিয়ে যাওয়ার জন্য।

(বাইট – সুকান্ত)

এর আগে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের সদস্য সঞ্জীব স্যানাল জানান, সরকার আগামী ২০ বছরে কম খরচে উচ্চশিক্ষা প্রদান করার লক্ষ্য নিয়েছে । তিনি বলেন, নতুন প্রযুক্তির যুগে নতুন ভাবে প্রথাগত শিক্ষার বাইরে উচ্চ শিক্ষার সুযোগ নিয়ে ভাবা দরকার বলে মনে করেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নতুন সভাপতি করেছে পার্থ কর্মকারকে। এতদিন ওই দায়িত্বে ছিলেন চিরঞ্জীব ভট্টাচার্য। তবে সম্প্রতি তাঁকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ করা হয়। নতুন সভাপতি, আগামী সোমবার দায়িত্ব নেবেন ।

উল্লেখ্য, আজই শেষ হয়েছে উচ্চমাধ্যমিকের চতুর্থ সেমিস্টার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত শান্তি প্রসাদ সিনহার জামিন মঞ্জুর করেছে। বিচারপতি জয় সেনগুপ্ত আজ ই ডির এই মামলায় ৫ লক্ষ টাকা বন্ডের বিনিময়ে তাকে জামিন মঞ্জুর করেন ।

এর ফলে এস এস সি র প্রাক্তন চেয়ারম্যানের জেল থেকে মুক্তি প্রায় সুনিশ্চিত বলে আদালত সুত্রে জানা গেছে।

তবে তিনি নিজের এলাকা ছেড়ে বেরোতে পারবেন না। পাসপোর্ট ও জমা রাখতে হবে , তদন্তকারী অফিসার ও আদালতের কাছে দিয়ে রাখতে হবে দুটো ফোন নাম্বার।

এ ছাড়া সাক্ষীদের প্রভাবিত করা বা তাদের সঙ্গে যোগাযোগ করা যাবে না বলেও আদালত জানিয়ে দিয়েছে। মামলায় কোন নথি বিকৃত করার চেষ্টা হলেও তাঁর জামিন বাতিল করা হবে।

নিম্ন আদালতকেও মামলার বিচার প্রক্রিয়া অতি দ্রুত সম্পন্ন করতে বলা হয়েছে। উল্লেখ্য, নিয়োগ দূর্নীতির মামলায় তিন বছরের বেশি সময় জেলবন্দি ছিলেন শান্তি প্রসাদ সিনহা।

oooooooooooooooooooo

গঙ্গার নিচে টানেল তৈরীর বিষয়টি চিন্তাভাবনা স্তরে রয়েছে বলে কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর জানিয়েছেন। কলকাতায় আজ এক অনুষ্ঠানে নাবিক ও জাহাজ কর্মীদের জন্য কয়েকটি প্রকল্প চালু করে তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বিষয়টি নিয়ে কেন্দ্রীয় পরিবহন মন্ত্রী নীতিন গড়করির কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। কলকাতা থেকে সাঁকরাইল পর্যন্ত প্রায় ১৫ কিলোমিটার রাস্তা তৈরি হবে পণ্যবাহী গাড়ি চলাচলের জন্য। যার মধ্যে প্রায় ৭কিলোমিটার টানেল গড়ে তোলা হবে। তবে বিষয়টিতে এখনো অনুমোদন পাওয়া যায়নি।

oooooooooooooooooooo

কলকাতা ও শহরতলীর বিভিন্ন অংশে আজ দুপুরে প্রবল ভূমিকম্পে কেঁপে ওঠে। বেলা একটা কুড়ি মিনিট নাগাদ এই ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল বাংলাদেশের সাতক্ষীরা জেলায়, যা কলকাতা থেকে ১০০ কিলোমিটারের মধ্যে। পশ্চিমবঙ্গের টাকি থেকে এর দূরত্ব প্রায় ২৬ কিলোমিটার।

মার্কিন ভূকম্প পর্যবেক্ষণকারী সংস্থার দেওয়া তথ্য অনুযায়ী, রিখটার স্কেলে এর তীব্রতা ছিল ৫ দশমিক ৩। ভারতের ভূকম্প বিজ্ঞান কেন্দ্র (ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি) জানিয়েছে, কম্পনের মাত্রা ছিল ৫.৫। উৎপত্তিস্থল ছিল মাটি থেকে প্রায় ১০ কিলোমিটার গভীরে। বিভিন্ন জেলা থেকেও ভূমিকম্পের খবর মিলেছে।

ভূমিকম্পের জেরে কলকাতা ও জেলায় রাস্তায় ও বাড়িঘরে বড় ফাটল ধরেছে। কলকাতা পুরসভার ১৩২ নম্বর ওয়ার্ডের বেহালার পর্ণশ্রীর সাগর মান্না রোডের প্রায় ৪০ ফুট লম্বা ফাটল দেখা যায়। একটি পুকুরের ধারে ওই রাস্তাটিতে আড়াআড়ি গভীর ফাটল ধরে। এর ফলে স্থানীয় বাসিন্দার আতঙ্কিত হয়ে পড়েন। তাদের দাবি ভূমিকম্পের ফলেই রাস্তাটিতে ফাটল ধরেছে। রাস্তার পাশের লাইট পোস্টও হেলে গেছে। খবর পেয়ে পুরসভার ইঞ্জিনিয়াররা ঘটনাস্থল পরিদর্শন করেন। দ্রুত রাস্তাটির মেরামতির কাজ শুরু হবে বলে পুরসভা সূত্রে খবর।

মধ্য কলকাতায় একটি বহুতল হেলে গিয়েছে বলে দাবি করেছেন স্থানীয়দের একাংশ। খবর পেয়েই গণেশচন্দ্র অ্যাভিনিউ লাগোয়া ৩৪এ মেটকাফ স্ট্রিটের ওই বহুতলের সামনে পৌঁছে যায় দমকল। তবে বহুতলের বাসিন্দা এবং স্থানীয়দের অন্য একটি অংশের দাবি, বাড়িটি দীর্ঘ দিন ধরেই একই অবস্থায় রয়েছে।

অন্যদিকে ভূমিকম্পের জেরে সীমান্ত লাগোয়া উত্তর ২৪ পরগনার হিঙ্গলগঞ্জের একাধিক বাড়িতেও ফাটল দেখা গেছে। মিনাখাঁ ও মালঞ্চ এলাকায় কংক্রিটের দেওয়াল

ভেঙে পড়ার খবর মিলেছে। হাসনাবাদ ও বসিরহাট শহরের আসবাব ও কিছু কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে।

<u>oooooooooooooooooooooo</u>

<u>ooooooooooooooooooooo</u>

<u>oooooooooooooooooooooo</u>

<u>ooooooooooooooooooooo</u>